



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

টেলিফোনঃ +৮৮০২-৫৮৮৮-৬৬৭৯৮ ফ্যাক্সঃ +৮৮০২-৫৮৮৮-৬৬৯৩৫
email: registrar@ruet.ac.bd website: www.ruet.ac.bd

স্মারক নং- রুয়েট/২০২৪-২০২৫/২৭৭৭

তারিখ: ১৫ পৌষ, ১৪৩১
৩০ ডিসেম্বর, ২০২৪

প্রতি,

সকল ডিন/পরিচালক/বিভাগীয় প্রধান
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বিষয়ঃ কোর্স রেজিস্ট্রেশন এবং ফর্ম ফিলাপ এর ফি অনলাইনে প্রদান প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের রেজাল্ট সিস্টেম ইতিমধ্যে অটোমেশনের আওতায় এসেছে। বিভিন্ন বিভাগ ২০২০ সিরিজ থেকে ছাত্র-ছাত্রীদের পরীক্ষার ফলাফল উক্ত সিস্টেমের মাধ্যমে সম্পাদন করছে। বর্তমানে উক্ত সিস্টেমে ছাত্র-ছাত্রীদের কোর্স রেজিস্ট্রেশন এবং ফর্ম ফিলাপ এর ফি অনলাইনে প্রদান করার ব্যবস্থা করা হয়েছে।

এমতাবস্থায় সকল বিভাগকে রেজাল্ট সিস্টেম ব্যবহার করে কোর্স রেজিস্ট্রেশন এবং ফর্ম ফিলাপ এর ফি অনলাইনে প্রদান করার নিমিত্ত নিজ নিজ ছাত্র-ছাত্রীদেরকে অবগত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বি.দ্র. যেসকল ছাত্র-ছাত্রী ইতিমধ্যে কোর্স রেজিস্ট্রেশন এবং ফর্ম ফিলাপ এর ফি ব্যাংকে জমা দিয়েছে, তাদের তথ্য নিজ নিজ বিভাগের মাধ্যমে আইসিটি সেলকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- রুয়েট/২০২৪-২০২৫/২৭৭৭/২৪(৩)

তারিখ: ১৫ পৌষ, ১৪৩১
৩০ ডিসেম্বর, ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রদান করা হলো-

- ১। পরিচালক, আইসিটি সেল, অত্র বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অফিস, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। অফিস কপি/নথি।

১৫/১২/২৪

প্রকৌশলী মনিরুল ইসলাম
সহকারী প্রোগ্রামার
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়